গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
সমন্বয় ও এমআইএস সেক্টর
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৬৪.১৬.২৩৯.২২-৬০৮

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ‘ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২২-২৩’ এর ১.২.১ সূচক মোতাবেক ডাটাবেজ ছক দাখিল প্রসঙ্গে।
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০২.২২.১১১, তারিখ: ১৭.০৭.২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ছক এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণানামতে ০৪ (চার) পাতা।

(ডাঃ মোহাম্মদ মফিজুর রহমান)
উপসচিব
ই-মেইল: mofizur.rahman@imed.gov.bd
ফোন: ০২-৪৮১১৭২০৭

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**(দৃষ্টি আকর্ষণ:** উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)

অবগতি (সদয় জ্ঞাতার্থে):
০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | ই-জিপি সিস্টেমে নিবন্ধন ফি, নবায়ন ফি ও টেন্ডার ফি স্বয়ংক্রিয় চালানে (Automated Challan) পরিশোধ করার ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ।<br><br>(ডিজিটাইজেশনকৃত সেবা) | ই-জিপি সিস্টেমের সাথে স্বয়ংক্রিয় চালান (AChallan) সিস্টেমকে অন্তর্ভুক্ত করা হয়েছে যার মাধ্যমে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালানের মাধ্যমে বর্ণিত ফিসমূহ সহজেই জমা প্রদান করতে পারবেন। ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালানের মাধ্যমে বর্ণিত ফিসমূহ পরিশোধ করার জন্য প্রথমে ই-জিপি সিস্টেমের অনলাইন পেমেন্ট থেকে স্বয়ংক্রিয় চালান নির্বাচনপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন। অতঃপর উক্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট হিসাব (DBBL Nexus, VISA Card, Master Card, Rocket etc.) থেকে পরিশোধের অনুমতি প্রদান করবেন। সঠিকভাবে পরিশোধ সম্পন্ন হলে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালান (AChallan) কপি সংরক্ষণ করতে পারবেন। একইসাথে ই-জিপি সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে একটি নিশ্চিতকরণ বার্তা প্রদর্শন করবে। | কার্যকর আছে | হ্যাঁ | https://www.eprocure.gov.bd/ | |
| ০২. | 'আইএমইডি পিন /IMED-PIN' | প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, প্রকল্প সংশ্লিষ্ট | কার্যকর আছে | হ্যাঁ | IMED PIN - Apps on Google Play | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | (উদ্ভাবনী প্রকল্প) | অংশীজন ও সর্বোপরি নাগরিকগণের ব্যবহারের লক্ষ্যে 'আইএমইডি পিন/ IMED-PIN' অ্যাপটি প্রস্তুত করা হয়েছে এবং সকলের ব্যবহারের জন্য 'আইএমইডি পিন' অ্যাপটি Google Play Store-এ উন্মুক্ত করা হয়েছে। অ্যাপটির মাধ্যমে চলমান অর্থবছরের সরকারের উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট নানা তথ্য বিভিন্ন ক্যাটাগরিতে জানা যাবে। | | | | |
| ০৩. | ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয় প্রক্রিয়া সহজিকরণের উদ্দেশ্যে "সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)" অন্তর্ভুক্তকরণ<br>(বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ) | ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের অর্থায়নে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অন্তর্ভুক্ত করা হয়েছে। এই পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সরকারের অর্থায়নে ক্রয়কারিগণ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। ই-জিপি সিস্টেমে বাংলাদেশ সরকারের তহবিল ব্যবহার করে ক্রয়ের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল e-PG9 এর মাধ্যমের ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। | কার্যকর আছে | হ্যাঁ | https://www.eprocure.gov.bd/<br>এবং<br>https://cptu.gov.bd/ | |
| ০৪. | কর্মকর্তাদের প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে আইএমইডি'র কর্মকর্তাগণের মাঝে 'পরিবীক্ষণ টুলবক্স' বিতরণ।<br>(বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ) | পরিবীক্ষণ ও মূল্যায়ন একটি প্রফেশনাল কাজ; যার জন্য প্রশিক্ষণ, টুলস, দক্ষতা ও অভিজ্ঞতার প্রয়োজন। আইএমই বিভাগের সদ্য যোগদানকৃত কর্মকর্তাকে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজ সম্পর্কে অবগত ও প্রশিক্ষিত করার উদ্দেশ্যে পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিভিন্ন টুলস, নীতিমালা, পরিপত্র, ছক ইত্যাদি সংবলিত 'পরিবীক্ষণ টুলবক্স' বিতরণ করা হয়। উল্লেখ্য, 'পরিবীক্ষণ টুলবক্স'-এর সমস্ত কন্টেন্টের | কার্যকর আছে | হ্যাঁ | shorturl.at/cyK04<br>(www.imed.gov.bd) | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| | | সফটকপি আইএমইডি'র ওয়েবসাইটের (www.imed.gov.bd) ডাউনলোড মেনুর 'পরিবীক্ষণ টুলবক্স' সাবমেনু হতে কর্মকর্তাগণ যে কোন সময় ডাউনলোড করে নিতে পারেন। | | | | |
| ০৫. | Citizen Portal<br>(ডিজিটাইজেশনকৃত সেবা) | সরকারি ক্রয়ের বিভিন্ন তথ্য প্রকাশের মাধ্যমে এ বিষয়ে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি এবং তাদের মতামত জানার মাধ্যমে দেশের সরকারি ক্রয় ব্যবস্থার সার্বিক উন্নয়নে একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে ২৬ আগস্ট ২০২০ তারিখে ডিজিটাল সেবা হিসেবে 'সরকারি ক্রয় বাতায়ন' নামে একটি সিটিজেন পোর্টাল চালু করা হয়েছে। সরকারি ক্রয় বাতায়ন থেকে সহজেই সারাদেশে পণ্য, কার্য ও সেবা ক্রয় সম্পর্কিত নানা তথ্য পাবেন নাগরিকগণ। এমনকি নিজ এলাকার সরকারি ক্রয়ের বিভিন্ন ধাপ সম্পর্কেও তারা বিস্তারিত জানতে পারবেন। এছাড়া, পোর্টালের সাথে যুক্ত ব্লগ ও সামাজিক যোগাযোগ মাধ্যমেও নাগরিকগণ সরকারি ক্রয় বিষয়ে তাদের মতামত তুলে ধরতে পারবেন এবং সরকারি ক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণে যুক্ত থাকতে পারবেন। সরকারি নীতি নির্ধারক, ক্রয়কারী সংস্থার কর্মকর্তা, বিশেষজ্ঞ, গবেষকগণও 'সরকারি ক্রয় বাতায়ন' থেকে বিভিন্ন তথ্য ডাউনলোড করে তা বিশ্লেষণ করতে পারবেন। | কার্যকর আছে | হ্যাঁ | https://citizen.cptu.gov.bd/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০৬. | Smart Desk and Easy Documentation by LAN System and File Server<br>(ডিজিটাইজেশনকৃত সেবা) | আইএমইডি'র কর্মকর্তাগণ নিজেদের ভিতর দ্রুত সময়ে নিরাপদভাবে ফাইল শেয়ারিং করতে পারে-সেই উদ্দেশ্যে File Server চালু করা হয়েছে। যার ফলে, LAN সিস্টেম ব্যবহার করে নিরাপদ মাধ্যমে কর্মকর্তাগণ নিজেদের মাঝে ফাইল ও ডাটা আদান-প্রদান করতে সক্ষম হচ্ছে। | কার্যকর আছে | হ্যাঁ | Intranet System | |
| ০৭. | আপনার সিপিটিইউ (e-GP Help Desk এবং হটলাইন নম্বর '16575')<br>(বিদ্যমান সেবা পদ্ধতি সহজিকরণ) | সিপিটিইউ-তে সরকারি ক্রয় সংক্রান্ত তথ্য এবং e-GP সংক্রান্ত তথ্যের জন্য 24×7 Help Desk চালু আছে। এবং একটি হটলাইন নম্বর চালু করা হয়েছে। | কার্যকর আছে | হ্যাঁ | 16575 | |
| ০৮. | উন্নয়ন প্রকল্পের ডিজিটাল মনিটরিং (PMIS)<br>(ডিজিটাইজেশনকৃত সেবা) | এডিপিভুক্ত প্রকল্পসমূহের মনিটরিং ব্যবস্থা ডিজিটালাইজড করতে ২০১৮ সালের ২৬ নভেম্বর হতে আনুষ্ঠানিকভাবে প্রকল্পসমূহের অনলাইন ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম পিএমআইএস-এর যাত্রা শুরু হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে প্রকল্পের স্ট্যাটিক তথ্য এবং আর্থিক অগ্রগতি সম্পর্কিত তথ্য প্রদান করা যায়। উল্লেখ্য, এ বিভাগের আওতায় বাস্তবায়নধীন "ডিজিটাইজিং ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড পাবলিক প্রকিউরমেন্ট প্রজেক্ট" এর কম্পোনেন্ট-৪ অংশের সংস্থান মোতাবেক সফটওয়্যারটি বর্তমানে আপগ্রেডশন করা হচ্ছে। | কার্যকর আছে। (আপগ্রেডেশন করা হচ্ছে) | - | http://pmis.imed.gov.bd/ | সফটওয়্যারটি বর্তমানে আপগ্রেডেশন করা হচ্ছে। |

R. Shahriar
২৫.০৫.২০২২
মোহাম্মদ রাফিদ শাহরিয়ার
সহকারী প্রোগ্রামার
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাঃ মোহাম্মদ মফিজুর রহমান
উপসচিব
সমন্বয় ও [illegible]
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার